



ছাতক পৌরসভা কার্যালয়

ছাতক, সুনামগঞ্জ

ই-মেইল : infochhatakpauroshava@gmail.com



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ছা:পৌ:/প্রশা:/সাধা:/নিয়োগ/২০২১/৮৭১

তারিখ : ২৫/১১/২০২১ খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার পরী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখা এর স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৩.১৭.০০২.১৮-৯৫৮ তারিখ- ১৯/১০/২০২১ খ্রি: মূলে প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে ছাতক পৌরসভার রাজস্ব খাতে নিম্নবর্ণিত ০১টি শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	নগ্নাকার	০১	১২৫০০-৩০২৩০	১৮-৩০ বছর	ডিপ্লোমা কোর্সের স্বীকৃত প্রতিষ্ঠান হতে অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে।

শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- আবেদনকারীকে সংযুক্ত চাকুরীর আবেদন ফরমেট অনুযায়ী আগামী ১৮-১২-২০২১ খ্রি: বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা সরাসরি মেয়র, ছাতক পৌরসভা, ছাতক, সুনামগঞ্জ এর ঠিকানায় পৌছাতে হবে। নির্দিষ্ট সময়ের পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত :- নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। চাকুরীর আবেদন ফরম পৌরসভা কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে অথবা <http://old.mopa.gov.bd/en/home/content/1/38/94> থেকে ডাউনলোড করা যাবে।
- প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সন্তান হলে সে ক্ষেত্রে তাকে তার পিতা-মাতার অনুকূলে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
- যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে মেয়র, ছাতক পৌরসভার অনুকূলে আবেদনকারীকে ৫০০.০০ টাকা মূল্যের (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে পৌরসভা চাকুরীবিধি ১৯৯২ এবং মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নীতিমালা (স্মারক নং- ১৮২ তারিখ: ২৪/০২/২০০৫ খ্রি:) অনুসরণ করা হবে।
- সরকারী বিধি মোতাবেক কোঠা সংরক্ষণ করা হবে, বিশেষ কোঠার প্রার্থী হলে কোঠার নাম উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র, জন্মনিবন্ধন সনদপত্র, জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) ও ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়। আবেদনে বয়সসীমা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯/০৮/২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩ নম্বর স্মারকের নির্দেশনা অনুযায়ী ২৫/০৩/২০২০ খ্রি: তারিখে সাধারণ প্রার্থীদের বয়স অবশ্যই ৩০ (ত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত বয়স শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে জন্মনিবন্ধন সনদ, জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের বয়স একই হতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্ব প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা প্রদানকালে আবেদন ফরমে উল্লেখিত সকল তথ্যের অনুকূলে মূল সনদ দাখিল করতে হবে।
- খামের উপর স্পষ্টাক্ষরে পদের নাম লিখতে হবে।
- কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- প্রার্থীর নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

(মো: আবুল কালাম চৌধুরী)

মেয়র

ছাতক পৌরসভা।

জিসি-২৯৩২/১১/২১ (৬'X৩)